

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ আষাঢ় ১৪২১/০১ জুলাই ২০১৪

নম্বর: ০৮.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.২৩৯—গত ১০ জুন ২০১৪ তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন (ITU) কর্তৃক প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পকে ‘ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS) পুরস্কার ২০১৪’-এ ভূষিত করা হয়। তথ্যপ্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেওয়া এবং তৎগুলি পর্যায় থেকে উচ্চ-পর্যায় পর্যন্ত অনলাইনে সরকারি সেবাসমূহ প্রদানের সুযোগ সৃষ্টির মধ্য দিয়ে মানুষের জীবনমানে ইতিবাচক পরিবর্তন আনার ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ এ পুরস্কার পেয়েছে।

২। এ পুরস্কার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ‘বৃপক্ষ ২০২১’ শীর্ষক কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে তাঁর বলিষ্ঠ নেতৃত্ব ও ঐকাত্তিক প্রচেষ্টারই স্বীকৃতি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র ও প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়ের মূল্যবান পরামর্শ ও সমর্থন এ পুরস্কার অর্জনের পথ সুগম করেছে। এটুআই প্রকল্প-সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারিও এ সাফল্যের অংশীদার।

৩। এ পুরস্কার সুশাসন প্রতিষ্ঠায় এবং উন্নত নাগরিক সেবা নিশ্চিতকরণের প্রচেষ্টায় বাংলাদেশসহ স্বল্পেন্তর দেশসমূহকে আরও জোরালো ভূমিকা পালনে উৎসাহিত করবে। এ বিরল সম্মান আন্তর্জাতিক পরিমগ্নলে বাংলাদেশের অবস্থানকে দৃঢ়ত করেছে।

৪। এ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৯ আষাঢ় ১৪২১/২৩ জুন ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৫। মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৯ আষাঢ় ১৪২১/২৩ জুন ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইএঁ
মন্ত্রিপরিষদ সচিব

(১৫৫৫৩)

মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঠাকা : ০৯ আষাঢ় ১৪২১
২৩ জুন ২০১৪

গত ১০ জুন ২০১৪ তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন (ITU) কর্তৃক প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পকে ‘ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS) পুরস্কার ২০১৪’-এ ভূষিত করা হয়। তথ্যপ্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেওয়া এবং তৎমূল পর্যায় থেকে উচ্চ-পর্যায় পর্যন্ত অনলাইনে সরকারি সেবাসমূহ প্রদানের সুযোগ সৃষ্টির মধ্য দিয়ে মানুষের জীবনমানে ইতিবাচক পরিবর্তন আনার ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ এ পুরস্কার পেয়েছে।

এ পুরস্কার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ‘রূপকল্প ২০২১’ শীর্ষক কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে তাঁর বলিষ্ঠ নেতৃত্ব ও ঐকান্তিক প্রচেষ্টারই স্বীকৃতি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র ও প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়ের মূল্যবান পরামর্শ ও সমর্থন এ পুরস্কার অর্জনের পথ সুগম করেছে। এটুআই প্রকল্প-সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারিও এ সাফল্যের অংশীদার।

এ পুরস্কার সুশাসন প্রতিষ্ঠায় এবং উন্নত নাগরিক সেবা নিশ্চিতকরণের প্রচেষ্টায় বাংলাদেশসহ স্বল্পন্মত দেশসমূহকে আরও জোরালো ভূমিকা পালনে উৎসাহিত করবে। এ বিরল সম্মান আন্তর্জাতিক পরিমাণে বাংলাদেশের অবস্থানকে দৃঢ়তর করেছে।

এ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন ভূষণ করছে।